

ELECTIVE BENGALI (General)

First Paper

Full Marks : 50

Time : Two Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

১। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $18 \times 3 = 54$

(ক) বাংলা গদ্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

অথবা,

বাংলা গদ্যচর্চার বিবর্তনে বিবেকানন্দের ভূমিকা আলোচনা করো।

(খ) বাংলা কাব্যরচনার ধারায় কবি বিহারীলাল চক্রবর্তীর অবদান সম্পর্কে আলোচনা করো। প্রাসঙ্গিকভাবে জানাও কে কেন তাঁকে 'ভোরের পাখি' বলে অভিহিত করেছেন?

অথবা,

জীবনানন্দ দাশের কাব্যগুলি বিশ্লেষণ করে তিনি বাংলা কাব্যে কী নূতন সুর আনলেন দেখাও।

(গ) ঔপন্যাসিক রবীন্দ্রনাথ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

অথবা,

তারাকঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি প্রধান প্রধান উপন্যাস অবলম্বনে তাঁর ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও।

P.T.O.

( 2 )

(ঘ) বাংলা নাট্যসাহিত্যে মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

অথবা,

নাট্যকার গিরিশচন্দ্র ঘোষের উল্লেখযোগ্য কয়েকটি নাটক অবলম্বনে বাংলা নাট্যসাহিত্যে তাঁর অবদানের পরিচয় দাও।

২। যেকোনো দুটি বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখো :  $8 \times 2 = 16$

পলাশীর যুদ্ধ, রজনী, স্বর্ণলতা, রথের রশি, পদ্মানদীর মাঝি, কুহ ও কেকা, একেই কি বলে সভ্যতা।

P-1(1+1+1)G/12

2012

ELECTIVE BENGALI (General)

Second Paper

Full Marks : 50

Time : Two Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) বৈষ্ণবপদাবলীকে বৈষ্ণবরসশাস্ত্রের রসভাষ্য বলা হয় কেন তা আলোচনা করো।

অথবা,

চণ্ডীদাসের ভাবশিষ্য হিসেবে কেউ কেউ জ্ঞানদাসকে চিহ্নিত করতে চান — কেন তা উপযুক্ত কারণসহ আলোচনা করো।

(খ) প্রেমবৈচিত্র্য ও আক্ষেপানুরাগ উভয় পর্যায়ের পার্থক্য নিরূপণ করো এবং যেকোনো একটি পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার সম্বন্ধে আলোচনা করো।

অথবা,

বৈষ্ণবপদাবলীর প্রার্থনা পর্যায়ের পদ সম্বন্ধে আলোচনা করো এবং এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির পরিচয় দাও।

(গ) চতুর্দশপদী কবিতাবলীতে জাতীয় কৃষ্টি ও ঐতিহ্যের প্রতি মধুসূদনের যে সুগভীর সম্ভ্রমবোধ প্রকাশিত হয়েছে তার পরিচয় দাও।

P.T.O.

অথবা,

গল্পটি শুরু থেকে শেষপর্যন্ত একটা অতিপ্রাকৃত পরিবেশে রচিত হলেও 'কঙ্কাল' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কি?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ৪×২=৮

(ক) “আমি আর এ রঙ্গ করিতে পারিনা”—বক্তা কে? সে কার সঙ্গে কি রঙ্গ করেছিল? আর ‘পারিনা’ বলার কারণ কী? ১+২+১=৪

অথবা,

“জগদীশ্বর লোহা সৃষ্টি করেন, মানুষ কাটারি গড়িয়া লয়।”—উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

(খ) “দ্বাদশ বৎসরের দুর্ভিক্ষ দিয়া এ পাবাগ স্তূপ করিয়া কী ফল?”—দ্বাদশ বৎসরের দুর্ভিক্ষ বলতে কী বোঝানো হয়েছে? কেন লেখক একথা বলেছেন? ২+২=৪

অথবা,

‘আমার মন’ নামক রচনাটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? এর রচনারীতির সঙ্গে কোন বিদেশি রচনার মিল লক্ষ করা যায়? ১+৩=৪